

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এফই সার্কুলার নং- ০৯

চৈত্র ২১, ১৪২২

তারিখ :-----

এপ্রিল ০৪, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

দেশীয় বস্ত্রখাতে শুদ্ধ বস্ত ও ডিউটি ড্র-ব্যাংক সুবিধার পরিবর্তে বিকল্প নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৮, তারিখ জুলাই ১৩, ২০১৫ এর ১ নং অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী দেশীয় বস্ত্রখাতে ২০১৫-১৬ অর্থবছরে ইউরো অঞ্চলে জাহাজীকৃত বস্ত্র/বস্ত্রজাত দ্রব্য রপ্তানির বিপরীতে বিদ্যমান ৪% এর অতিরিক্ত ২% বিশেষ নগদ সহায়তা প্রযোজ্য হবে।

০২। চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে বস্ত্র/বস্ত্রজাত দ্রব্য রপ্তানির বিপরীতে ইতোমধ্যে যে সকল আবেদনপত্র নিষ্পত্তি করা হয়েছে সেগুলোর বিপরীতে অতিরিক্ত ২% হারে নগদ সহায়তার জন্য এফই সার্কুলার নং ০৯/২০০১ এর আবেদন ফরম অনুসারে আলোচ্য সার্কুলার জারির ৩০ দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে। অনুমোদিত ডিলার ব্যাংক শাখা একই রপ্তানির বিপরীতে ইতোপূর্বে দাখিলকৃত আবেদনপত্রের স্বপক্ষে ইস্যুকৃত নিরীক্ষা সনদপত্রের ভিত্তিতে উক্ত দাবি নিষ্পত্তি করবে।

০৩। বস্ত্র/বস্ত্রজাত দ্রব্য রপ্তানির ক্ষেত্রে সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০

